# কক্সবাজার সফরে অনুমতি না নেওয়ায় এনসিপির ৫ নেতাকে কারণ দর্শানোর নির্দেশ




সংগৃহীত ছবি

ব্যক্তিগত সফরে কক্সবাজারে যাওয়ায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) শীর্ষ পাঁচ নেতার বিরুদ্ধে দলীয় অনুমতি না নেওয়ার অভিযোগ উঠেছে। এ বিষয়ে তাদেরকে ২৪ ঘণ্টার মধ্যে লিখিত ব্যাখ্যা দিতে বলা হয়েছে।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) পাঁচ শীর্ষ নেতার বিরুদ্ধে দলীয় নিয়ম লঙ্ঘনের অভিযোগে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছে। বুধবার (৬ আগস্ট) এনসিপির যুগ্ম সদস্যসচিব (দফতর) সালেহ উদ্দিন সিফাত স্বাক্ষরিত পৃথক পৃথক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়।

নোটিশপ্রাপ্ত নেতারা হলেন—দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী, মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম, মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) হাসনাত আবদুল্লাহ, জ্যেষ্ঠ যুগ্ম সদস্যসচিব তাসনিম জারা এবং যুগ্ম আহ্বায়ক খালেদ সাইফুল্লাহ।

নোটিশে বলা হয়, ৫ আগস্ট এই পাঁচ নেতা ব্যক্তিগত সফরে কক্সবাজারে গিয়েছেন, কিন্তু এ বিষয়ে দলীয় রাজনৈতিক পর্ষদ কিংবা সংশ্লিষ্ট কোনো দায়িত্বশীল নেতাকে আগাম কোনো তথ্য বা অনুমতি জানানো হয়নি। বিষয়টিকে গুরুতর অসঙ্গতি ও দায়িত্বহীন আচরণ হিসেবে দেখা হচ্ছে।

এ পরিস্থিতিতে আগামী ২৪ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট নেতাদেরকে দলের আহ্বায়ক নাহিদ ইসলাম এবং সদস্যসচিব আখতার হোসেনের কাছে সশরীরে উপস্থিত হয়ে এই সফরের উদ্দেশ্য ও প্রেক্ষাপট সংক্রান্ত লিখিত ব্যাখ্যা জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে।